



## বিআইডব্লিউটিএ

বিশেষ নৌ-বিজ্ঞপ্তি নং-০৪/২০১৭

তারিখঃ ০৩/০৪/২০১৭ ইং।

এতদ্বারা সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারেটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাউশিয়া-পায়রাবন্দর নৌ-পথে সুষ্ঠু নিরবিচ্ছিন্ন ও নিরাপদ নৌ-যান চলাচলের জন্য বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলার লেংগুটিয়া ও পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার পায়রাবন্দরে পাইলট বিশ্রামাগার এবং পাইলটগণের জাহাজে উঠা/নামার জন্য বিট নৌকা নিয়োজিত আছে।

এমতাবস্থায়, সুষ্ঠু, নিরবিচ্ছিন্ন ও নিরাপদ নৌ-যান চলাচলের লক্ষ্যে উক্ত নৌ-পথে চলাচলকারী সকল নৌ-যানকে লেংগুটিয়া পাইলট বিট এবং পায়রাবন্দর পাইলট বিট হতে নিয়মিতভাবে বিআইডব্লিউটিএ'র পাইলট নিয়ে চলাচলের জন্য অনুরোধ করা যাচ্ছে।

পরিচালক

নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ

বানৌপক, ঢাকা।